গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৪-২১ তারিখ : ১৭ জানুয়ারী ২০২৪ খ্রি:

## নোটিশ

জানুয়ারী/২৪ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৩.০১.২৪ খ্রি: | সকাল ১০.৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৩.০১.২৪ খ্রি: | সকাল ১২.১০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৩.০১.২৪ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৩.০১.২৪ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৩.০১.২৪ খ্রি: | বেলা ১২.৪০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৩.০১.২৪ খ্রি: | বেলা ১২.৫০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২২.০১.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১৭/০১/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.......................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .......................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

## জানুয়ারী/২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
সভার তারিখ : ২৩ জানুয়ারী ২০২৪ খ্রি:
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**
**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ী করণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় ৩৯৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা গ্রহণকারী ০৫-১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সংখ্যা ১ম ডোজ গ্রহণকারী ৪০,৬০০ জন এবং ২য়ডোজ গ্রহণকারী ৩৮,১৫০ জন। ১২ বছরের উর্ধ্বে কোভিড-১৯ টিকা ১মডোজ গ্রহণকারীর হার ৯২.৩৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯১.৮৩%, ৩য় ডোজ গ্রহণকারীর হার ৫৯.২৪% । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে তাঁর দপ্তরে<br>ক) ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে প্রাপ্ত সাতটি ফসল উফশী ও হাইব্রিড প্রণোদনা বিতরণ সম্পন্ন হয়েছে।<br>খ) ২০২৩ -২৪ অর্থবছরে রবি মৌসুমে তিনটি ইউনিয়নে ৪৫০ জন কৃষকের জন্য সবজি বীজ সহায়তা পাওয়া গেছে। উক্ত প্রণোদনার বীজ বালিজুড়ী, চরপাকেরদহ এবং জোড়খালী ইউনিয়নে বিতরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>(গ) সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীরণ প্রকল্প থেকে প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক এ উপজেলায় একটি কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট জায়গা প্রয়োজন। | গ) কৃষি যন্ত্রপাতি ও উকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য কৃষি প্রশিক্ষণ কেন্দ্রের সামনে এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ের পিছনে অর্থাৎ বাউন্ডারী ভিতরের পশ্চিম পার্শ্বে নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী , মাদারগঞ্জ , জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে তাঁর দপ্তরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) আওতায় মাদারগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ে (স্কুল/মাদ্রাসা) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই-লো বেঞ্চ সরবরাহ INF - 2021-22-453958-02 কাজের ঠিকাদার মের্সাস বরেন্দ্র কনষ্ট্রাকশন, বোয়ালিয়া, রাজশাহী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই-লো বেঞ্চ সরবরাহ করিয়া ২১,৯৪,৩১৬.২৯ ( বিল ১৭,৯৯,৩৩৯/-, ভ্যাট-৩,২৯,১৪৭/-, ট্যাক্স-৬৫,৮৩০/-) টাকার চূড়ান্ত বিল দাখিল করেছেন। সরবরাহকৃত হাই-লো বেঞ্চের গুনগত মান ভালো। ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ে। | আলোচনান্তে ঠিকাদারকে বিল প্রধানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হলো এবং বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , মাদারগঞ্জ , জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসের তাঁর দপ্তরের ৭৩০ টি কৃত্রিম প্রজনন ও ৩৮৪ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ২৩২৯ টি গবাদিপশু ও ৩৩০০৫ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং রাজস্ব আদায় ৭৩,৪৬৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান ডিসেম্বর/২৩ মাসে ২২ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, রাজস্ব খাতের আওতায় ০২ টি অভয়াশ্রম মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে এবং ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে ৩০ শে জুন/২০২৪ পর্যন্ত জাটকা ইলিশ বিক্রয় বন্ধ করার লক্ষ্যে এ উপজেলার বিভিন্ন বাজারে ও মৎস্য আড়ত নিয়মিত ভাবে বাজার পরিদর্শন ও তদারকি করা হচ্ছে। এছাড়া পরামর্শ সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৬. উপজেলা শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এ উপজেলায় কেজি স্কুলগুলোতে পরিপত্র অনুযায়ী সরকারি রেজিষ্ট্রার করতে হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |

| | | |
|---|---|---|
| **৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২৩ মাসে স্থায়ী পদ্ধতি ১২ জন, আইইউডি ২৮ জন, ইমপ্ল্যান্ট ১৬০ জন, ইনজেকশন ডিপো-প্রভে[illegible] ৫৮৩ ভায়েল, খাবারবড়ি সুখী ১১,৯১৯ চক্র, ইসিপি ২৪ জন এবং স্বাভাবিক প্রসব সেব[illegible]দান ১৭ জনকে করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে উপজেলা একাডেমিক সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় বই বিতরণের কার্যক্রম ৯০% সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট বইয়ের জন্য জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এনসিটিবিতে জানানো হয়েছে এবং ৮ম ও ৯ম শ্রেণীর কারিকুলাম বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি ডিসেম্বর মাসে<br>(ক) সামাজিক নিরাপত্তা কার্যক্রম g2p পদ্ধতিতে বাস্তবায়নে উদ্ভূত সমস্যা নিরসনে বাস্তবায়নকারী অংশীজনদের নিয়ে ভাতাভোগীদেরকে সচেতন করার লক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত হয়।<br>(খ) ২রা জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উৎযাপন করা হয়।<br>(গ) ১১ জন ঋণ গ্রহীতার মাঝে ২,৫০,০০০/- পাকা ক্ষুদ্র ঋণ বিনিয়োগ করা হয়।<br>(ঘ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষুধ প্রদান।<br>(চ) লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান<br>(ছ) ভাতাভোগীদেরকে সচেতন করার লক্ষ্যে প্রচারণা কার্যক্রম চলমান। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে তাঁর দপ্তরে বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পটি সমাপ্ত হয়েছে। চলতি ঋণ বিতরণ ১৬,৬৫,০০০/- টাকা, চলতি ঋণ আদায় ৫,৪৮,০০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ৪৫,০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ১,১৯,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা ওয়ারী (টিআর) ৩৩ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৫৬,০৮,৩১৪/৯২, ব্যয়িত ৪৪,৮৬,৬৫১/-, অগ্রগতি ৮০%, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক-৩৬ টি (১ম পর্যায়) ৫৭,৪১,৬৬৬/৬৬, ব্যয়িত টাকা ৪৫,৯৩,৩৩৩/-, অগ্রগতি ৮০%, (টিআর) উপজেলা ওয়ারী ০২ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৬১৪৬০১/৭৬, ব্যয়িত ৩০৭৩০০/৫০, অগ্রগতি ৫০%, (টিআর) জেলা হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৫০,০০০/-, ব্যয়িত ১,৫০,০০০/-, অগ্রগতি ১০০%, (টিআর) বিভাগীয় কমিশনার হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৯১,২৫০/, ব্যয়িত ১,৯১,২৫০/-, অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলাওয়ারী (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,১৭,১৬২/১০, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,৯১,৬৬৬/৫০, কাবিখা/কাবিটা উপজেলাওয়ারী-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) বরাদ্দকৃত অর্থ ৭১,০৬,৩০৪/২৮, ৩৪.২৮৪৭ (চাল), ৩৪.২৮৪৭ (গম), কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) ৬৭,৫০,০০০/-, ৩১.৫০০ মেঃটন (চাল), ৩১.৫০০ মেঃটন (গম), কাবিখা/কাবিটা উপজেলা ওয়ারী (২য় পর্যায়) ৩৪.২৫৯৭ মেঃটন, কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক (২য় পর্যায়) ৩১.৫০০ মেঃটন চাল, ৩১.৫০০ মেঃটন গম, ইজিপিপি ২৮৭৩ জন উপকারভোগী, এইচবিবি করণ ০৯ টি, বীজ ১৪ টি অগ্রগতি হার ৩০% (কাজ চলমান)। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে উপজেলা সহকারী-যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর মাসে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: চরভাটিয়ানী গ্রামে<br>ক) ঋণ আদায়ের পরিমাণ ৬,৭১,৩০০ টাকা, সার্ভিস চার্জ আদায়ের পরিমাণ ৪১,৩০০ টাকা ও ঋণ আদায়ের হার ১০০% ।<br>খ) নারী উন্নয়নে প্রকল্পে চলতি ঋণ আদায় ৬,০০,০০০ টাকা এবং ঋণ বিতরণের পরিমাণ ৬,০০,০০০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২৩ মাসে<br>(ক[illegible]ডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন[illegible]ট.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ ২য় ব্যাচের প্রশিক্ষণের কার্যক্রম চলমান।<br>(গ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহে' প্রকল্পের অধিনে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের অধিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াসব্লক ও নলকূপ স্থাপনের কাজ চলমান এবং মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের অধিনে কমিউনিটি টয়লেট, পাবলিক টয়লেট ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অর্থনৈতিক শুমারি/২০২৩ এর গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের জন্য যাচাই-বাছাই সম্পন্ন করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২০২৩ মাসে তাঁর দপ্তরে ওএমএস এবং খাদ্য বান্ধব কর্মসূচির ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল বিতরণ করা হবে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর মাসে তাঁর দপ্তরে জাতীয় সংসদ নির্বাচনের জন্য কেন্দ্র অনুসারে তালিকা প্রস্তুত, ২৭ জনকে পিসি ও এপিসিকে ০৩ দিনের জন্য প্রশিক্ষণ এবং ০২ জনকে ড্রাইভিং প্রশিক্ষণে প্রেরণ করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের ডিসেম্বর মাসে ঋণবিতরণ ৬০.০০ লক্ষ টাকা, আদায় ৬৬.০০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৫%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে,২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলা নার্সারীতে ২৫০০ টি বিভিন্ন প্রজাতির চারা রোপন করা হবে। লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে তাঁর দপ্তরে ঋণ বিতরণ ৫৫.২২ লক্ষ টাকা, ঋণ আদায় ৬১.৪৩ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় ৭.২৫ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২০২৩ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৪. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ক) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক ও কেয়ার টেকারকে নিয়ে মাসিক সমন্বয় সভা করার নিমিত্ত আসন সংকটের কারণে ১০০ টি চেয়ার বরাদ্দের জন্য অনুরোধ জানান।<br>খ) মাদারগঞ্জ উপজেলা মডেল মসজিদের বিদ্যুৎবিল পরিশোদ ,একটি নলকূপ ব্যবস্থা এবং বিদ্যুৎতের বিকল্প ব্যবস্থা করার জন্য সৌরবিদ্যুৎতের জন্য দাবী জানান।<br>গ) তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |

<table>
<tr>
<td><u>২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):</u><br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জুলাই/২০২৩ মাসে আগামী অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প নির্বাচন গ্রহণ এবং দ্রুত সময়ের মধ্যে সভার রেজুলেশন জমাসহ স্ব কার্যালয়ে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সকলকে অনুরোধ করেন।</td>
<td>অতি দ্রুত স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ভাইস চেয়ারম্যানদের নিকট জমা ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত হয়।</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি)</td>
</tr>
<tr>
<td><u>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর বলেন রাজস্ব তহবিলের জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি</td><td>৫,৬৪,০০০</td></tr>
<tr><td>সুইপারের বেতন</td><td>৭২,৬০০</td></tr>
<tr><td>পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ</td><td>৪৮,০০০</td></tr>
<tr><td>আনুষঙ্গিক ব্যয় বাবদ</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>১,৮০,০০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাতে ব্যয়</td><td>৫,০০,০০০</td></tr>
<tr><td>পানির লাইন মেরামত</td><td>৩,২৬,০৬৩</td></tr>
<tr><td>গাড়ি মেরামত</td><td>৩৯,৯৬০</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>১,০০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জামাদি ক্রয়</td><td>৯৬,৪২৯</td></tr>
<tr><td>বাসভবন মেরামত</td><td>১০,০০,০০০</td></tr>
<tr><td>আসবাবপত্র ক্রয়</td><td>৩,০০,০০০</td></tr>
<tr><td>উপজেলা কমিটি'র সভার আপ্যায়ন ব্যয়</td><td>৩২,৮০০</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২৩ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৩২,৮৯,৮৫২ (বত্রিশ লক্ষ উননব্বই হাজার আটশত বায়ান্ন) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫,০১,২০২৪

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৪- ৩৮

তারিখ : ২৩ জানুয়ারী ২০২৪

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :</u>

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৭। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . ..................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৯। অফিস কপি।

২৩/০১/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

জানুয়ারী/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার হাজিরা।

তারিখ: ২৮.০১.২৪, সময়: সকাল ১০.৩০

| | নাম ও পদবী / ইউপি প্রতিনিধি। | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | [signature] |
| ২। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | |
| ৩। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | [signature] |
| ৪। | মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |
| ৫। | চেয়ারম্যান, ১নং চরপাকেরদহ ইউপি | [signature] |
| ৬। | " ২নং কড়ইচড়া ইউপি | |
| ৭। | " ৩নং গুনারীতলা ইউপি | [signature] |
| ৮। | " ৪নং বালিজুড়ী ইউপি | [signature] |
| ৯। | " ৫নং জোড়খালী ইউপি | |
| ১০ | " ৬নং আদারভিটা ইউপি | |
| ১১ | " ৭নং সিধুলী ইউপি | [signature] |
| ১২। | " অনিল মোহন্ত প্যানেল চেয়ারম্যান, সদস্য ১নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, | [signature] |
| ১৩। | মোছা: [illegible] পারভীন, সদস্য ৩নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, | |
| ১৪ | বাবু অরুণ কুমার সাহা, চেয়ারম্যান ইউসিসিএ লিঃ মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৫ | সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা সংসদ, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |
| ১৬। | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ প্রেস ক্লাব। | [signature] |
| ১৭ | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ উপজেলা প্রেসক্লাব মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |

| | নাম ও পদবী / দপ্তর প্রতিনিধি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। | [signature] |
| ৩। | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |
| ৪। | " প্রাণী সম্পদ কর্মকর্তা " | [signature] |
| ৫। | " প্রকৌশলী " " | [signature] |
| ৬। | " মৎস্য কর্মকর্তা " " | [signature] |
| ৭। | " শিক্ষা অফিসার " " | [signature] |
| ৮। | " সমাজ সেবা অফিসার " " | [signature] |
| ৯। | " মাধ্যমিক শিক্ষা অফিসার " " | [signature] |
| ১০। | " পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ১১। | " পল্লী উন্নয়ন কর্মকর্তা " " | [signature] |
| ১২। | " যুব উন্নয়ন কর্মকর্তা " " | Ratan mia |
| ১৩। | " মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |
| ১৪। | " সমবায় কর্মকর্তা " " | [signature] |
| ১৫। | " প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা " | [signature] |
| ১৬। | " পরিসংখ্যান কর্মকর্তা " " | [signature] |
| ১৭। | " সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল) " " | [signature] |
| ১৮। | " আনসার ও ভিডিপি কর্মকর্তা " " | [signature] |
| ১৯। | " খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ২০। | " পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা " " | [signature] |
| ২১। | " [illegible] উন্নয়ন কর্মকর্তা " " | |
| ২২। | " [illegible] " " | [signature] |
| ২৩। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ | [signature] |
| ২৪। | [illegible] সার্ভিস [illegible] সিস্টেম লিমিটেড, " | |
| ২৫ | তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, " | [signature] |
| ২৬ | [illegible], ইসলামী ব্যাংক " | [signature] |
| ২৭ | এ, জি, এম পল্লী বিদ্যুৎ সমিতি, মাদারগঞ্জ " | [signature] |
| ২৮ | মো: [illegible], উপজেলা [illegible] মাদারগঞ্জ | [signature] |
| ২৮ | মো: সাইদুল ইসলাম, উপজেলা সমন্বয়ক - গ্রাম আদালত | [signature] |
| ২৯ | মো: উপজেলা [illegible] | [signature] |